

## ঈশ্বর বিশ্বাসীদেরকে একত্রে কার্য করতে সাহায্য করুন

### ছোটদেরকে সঠিক ধরনের নেতৃত্ব প্রদান সম্পর্কে শিক্ষা দিন

এর মধ্যে থেকে যে কোনও, ছোটদের শিক্ষার কার্যকলাপ বেছে নিন।

প্রার্থনাঃ “হে প্রভু, একটি উত্তম রূপে সংবদ্ধ দেহ হিসাবে, আমাদেরকে একত্রে কাজ করতে সাহায্য কর।”



নহিমিয় বলেছেন, “তোমরা যে কোনও স্থানে তুরীর শব্দ শুনিবে, সেই স্থানে আমাদের নিকট একত্রিত হইবে; আমাদের ঈশ্বর, আমাদের নিমিত্ত যুদ্ধ করিবেন!”

● ব্যাখ্যা করুন যে, ইস্রায়েলের তুরীগুলি ছিল ভেড়াদের মাথার ফাঁকা শিং থেকে প্রস্তুত।

- বড় ছেলেমেয়েদেরকে ছোটদের সাহায্য করতে দিন।
- পরবর্তী আরাধনার সময় ছোটদের তাদের ছবিগুলি, প্রাপ্তবয়স্কদের দেখিয়ে বর্ণনা করতে দিন যে, কিভাবে ঈশ্বর, ধার্মিক নেতাদেরকে ব্যবহারের দ্বারা লোকদেরকে এক ঐক্যে কাজ করার জন্যে আহ্বান জানান, তা এই ছবি তুলে ধরে।

নহিমিয় ৪:১-২৩ অংশ থেকে নহিমিয়ের গল্পটি একজন বড় ছেলেমেয়ে অথবা শিক্ষক পাঠ করবে অথবা বলবে। একটি বিরাট কর্মপ্রকল্পকে বাস্তবায়িত করার জন্য, যা ঈশ্বরের গৌরব আনয়ন করেছিল। একজন ধার্মিক নেতা লোকদেরকে কিভাবে সংঘবদ্ধ করেছিল তা ছোটদের প্রথমে শোনার মাধ্যমে অন্বেষণ করতে বলুন।

গল্পটি যুক্ত করার পর এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন। (যখন ছোটরা পারবে না কেবল মাত্র তখন উত্তর বলে দিন)।

- যিরূশালেমের চতুর্দিকস্থ প্রাচীর সম্পর্কে ইস্রায়েলের শত্রুরা কি বলেছিল? (উত্তর ২ পদ দেখ)।
- তাঁর শত্রুরা যখন তাঁকে হুমকি দিয়েছিল তখন নহিমিয় কার কাছে সাহায্য প্রার্থনা করতে গিয়েছিলেন? (৯ পদ দেখুন)।
- ঈশ্বরের কাছে প্রার্থনা করার পর, প্রাচীরের সুরক্ষার জন্য নহিমিয় কি করেছিল? (১৩ পদ দেখ)।
- প্রাচীর নির্মাণের জন্য ইস্রায়েলীয়রা কিরূপ কঠিন পরিশ্রম করেছিল? (৬ পদ দেখুন)।
- লোকেরা যখন কাজে রত থাকত তখন নহিমিয় কি করত? (২৩ পদ)।
- লোকেরা যাতে সর্বাস্তবকরণের সাথে কাজ করতে পারে সেজন্য নহিমিয় কিভাবে তাদেরকে উৎসাহিত করতেন? (উত্তর - নহিমিয় সবাইকে নিয়ে একত্রে প্রার্থনা করতেন। এরপর তিনি তাদের কাজকে সংঘবদ্ধ করেছিলেন। তাদেরকে ঈশ্বরের পরাক্রম সম্পর্কে স্মরণ করিয়ে দিয়েছিলেন, এবং কঠিন পরিশ্রমকারী একজন শ্রমিকের চমৎকার উদাহরণ সরূপ কাজ করেছিলেন।)

নহিমিয় ৪:১-২৩ অংশটি নাটক আকারে প্রস্তুত কর।

- ছোটদেরকে নাটকটি উপস্থাপন করতে দেওয়ার জন্যে প্রধান আরাধনাকারী নেতাদের সাথে প্রয়োজনীয় ব্যবস্থা করুন। ছোটদের সাথে আপনার সময়কে, নাটকটি প্রস্তুত করতে ব্যবহার করুন। বড় ছেলেমেয়েদেরকে ছোটদের প্রস্তুতি দেওয়ার ব্যপারে সাহায্য করতে দিন।

- বড় ছেলেমেয়ে অথবা প্রাপ্তবয়স্ক একজন এই পাঠগুলিতে অবতীর্ণ হবে।

বিবৃতিকারঃ গল্পটি সংক্ষিপ্ত করবে এবং ছোটদের কি বলতে হবে তা স্মরণ করিয়ে দেবে।

নহিমিয়ঃ এক হাতে বর্শা এবং অন্য হাতে হাতুড়ি বা অন্য কোনও যন্ত্রপাতি ধরে থাকবে।

- ছোট ছেলেমেয়েরা এই পাঠগুলিতে অভিনয় করবে

ইস্রায়েলীয়গণঃ বর্শা এবং গাঁথনি প্রস্তর উভয়কে ধরে থাকবে।

শত্রুগণঃ বর্শা ধরে থাকবে।

বিবৃতিকারঃ “নহিমিয় এবং ইস্রায়েলীয়গণ মিলে যিরূশালেমের চারপাশে একটি প্রাচীর নির্মাণ করছে। তাদের শত্রুরা তাদের প্রতি ঠাট্টা করছে। শত্রুরা কি বলছে শুনুন।”

শত্রুগণঃ অটুহাসি করবে এবং এরকম কিছু বলবে, “ওই বোকা যিহুদীগুলো এখন কি নির্মাণ করছে?” “ওটা কি একটি প্রাচীর?”

“ওটা দেখে একটা পাথরের টিবি বলে মনে হচ্ছে!”

“এমনকি একটা শিয়ালও ওটা ভেঙ্গে ফেলতে পারে!”

**বিবৃতিকার:** ৬-১৪ পদ গুলি থেকে গল্পের দ্বিতীয় ভাগ বলবে। এরপর বলবে, “নহিমিয় কি বলছেন তা শুনুন”

**নহিমিয়:** “এসো আমরা প্রথমে ঈশ্বরের সাহায্য ভিক্ষার জন্য একত্রে প্রার্থনা করি। ‘হে ঈশ্বর তোমার জন্য এই কাজ সমাপ্ত করতে সাহায্য কর।’ এখন হে আমার লোকেরা, তোমরা শত্রুদের কথায় কান দিওনা। এই কাজ করার জন্যে এস আমরা সংঘবদ্ধ হই এবং ঈশ্বরের জন্যে কাজ জারী রাখি।”

**ইস্রায়েলীয়গণ:** “আমরা আমাদের সর্বান্তঃ করণে এই কাজটি করব।” (একে অপরকে বলবে) “প্রাচীরের এই অংশে যদি তুমি কাজ কর তবে আমি ওই পাশটায় কাজ করবো।”

**বিবৃতিকার:** ১৫-২৩ পদগুলি থেকে গল্পের তৃতীয় ভাগটি বলবে। এরপর বলবে, “নহিমিয় কি বলছেন তা শুনুন”

**নহিমিয়:** “তোমরা প্রত্যেকে তোমাদের অস্ত্রগুলি, নিজের পাশে রাখ। যখন তোমরা শিকার আওয়াজ শুনবে তখন প্রাচীর রক্ষার জন্য সাহায্য করতে একত্রিত হবে। কিন্তু সর্বদা প্রস্তুত থাকবে। আমরা সবাই এক হাতে খড়গ ধরে রাখবে, এবং অন্য হাত দিয়ে প্রাচীরের কাজ করবো!”

**ইস্রায়েলীয়গণ:** “দেখ, প্রাচীরটা কত শক্তিশালী হয়েছে!”

“আমরা প্রায় শেষ করে এনেছি!”

“নহিমিয় কত কঠিন পরিশ্রম করেছে দেখ!”

“তিনি আমাদের কাছে একজন উত্তম উদাহরণ”

**বিবৃতিকার অথবা বড় ছেলেমেয়েরা:** যারা সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ জানাবে।

ছেলেমেয়েরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে থাকে তবে তারা তাদেরকে উপরে তালিকা ভুক্ত প্রশ্নগুলিকেও জিজ্ঞাসা করবে।

**কবিতা:** গীতসংহিতা ২ঃ১-২ এবং ১০-১১ পদগুলিকে চারজন ছেলেমেয়ের প্রত্যেককে এক একটি করে আবৃত্তি করতে দিন।

**জিজ্ঞাসা করুন:** সেই সমস্ত অবস্থার উদাহরণগুলি কি কি, যাতে আমাদের নহিমিয়ের মত একজন ধার্মিক নেতার প্রয়োজন হয়, যিনি আমাদের একত্রে ঈশ্বরের জন্য মহৎ কাজ করতে সংঘবদ্ধ করেন? (ছেটদের উদাহরণ দিতে দিন)।

**মুখস্থ পদ:** যোহন ১৭ঃ২৩

বড় ছেলেমেয়েরা, যীশুর জন্য একত্রে কাজ করার উপরে কবিতা, গান, অথবা সংক্ষিপ্ত নাটক লিখবে। তারা এই, সপ্তাহে এটা করতে পারে।

**প্রার্থনা:** “প্রিয় প্রভু। সমস্ত কিছুর ওপর তুমি রাজা। কেউ তোমাকে পরাস্ত করতে পারেনা। তোমার সাহায্যের দ্বারা আমরা আমাদের সমস্যাগুলির মোকাবিলা করতে পারি এবং কি রূপে একে অপরকে সাহায্য করতে পারি তাও খুঁজে পেতে পারি। সর্বপ্রথমে তোমার সাহায্য স্মরণে রাখতে আমাদের সাহায্যে কর। আমাদের সর্বান্তঃকরণ দিয়ে একে অন্যকে সেবা করতে সাহায্য কর।”

